# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৪৫

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ চতুষ্পদ প্রাণীর প্রতি দয়া করা কোন কোন সময় এর বদৌলতে পরকালে পাপ মোচনের আশা করা যায়

## ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْإِحْسَانَ إِلَى ذَوَاتِ الْأَرْبَعِ قَدْ يُرْجَى بِهِ تَكْفِيرُ الْخَطَايَا في العقبى

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ الطَّائِيُّ ـ بِمَنْبِجَ ـ وَالْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ قَالَا: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ سُمَيٍّ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى الله عليه وسلم قَالَ: (بَيْنَمَا رَجُلٌ يَمْشِي بِطَرِيقٍ اشْتَدَّ عَلَيْهِ الْعَطَشُ فَوَجَدَ بِئْرًا فَنَزَلَ فِيهَا فَشَرِبَ ثُمَّ خَرَجَ فَإِذَا كَلْبٌ يلهثُ يَأْكُلُ الثَّرَى مِنَ الْعَطَشِ فقَالَ الرَّجُلُ: لَقَدْ بَلَغَ هَذَا الْكَلْبُ مِنَ الْعَطَشِ مِثْلَ الَّذِي بَلَغَ بِي فَنَزَلَ الْبِئْرَ فَمَلَأَ خُفَّهُ مَاءً ثُمَّ أَمْسَكَهُ بِفِيهِ حَتَّى رَقِيَ فَسَقَى الْكَلْبَ فَشَكَرَ اللَّهُ لَهُ فَغَفَرَ لَهُ). فَقَالُوا: يَا رَسُولَ اللَّهِ إِنَّ لَنَا فِي الْبَهَائِمِ لَأَجْرًا؟ فقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فِي كُلِّ ذَاتِ كَبِدٍ رَطْبَةٍ أجر.)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 545 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৪৫. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “এক ব্যক্তি রাস্তা দিয়ে হাঁটছিল, এসময় তার প্রচন্ড পিপাসা পায়, অতঃপর সে একটি কূপ পেয়ে যায়, ফলে সে তাতে নেমে পানি পান করে তারপর সেখান থেকে বের হয়ে আসে। তখন সে দেখতে পায় যে, একটি কুকুর (পিপাসায়) হাপাচ্ছে, পিপাসার কারণে সে কাঁদামাটি খাচ্ছে। লোকটি তখন মনে মনে বললো কুকুরটি তৃষ্ণার্ত হয়েছে, যেমন আমি তৃষ্ণার্ত হয়েছিলাম। অতঃপর সে কূপে অবতরণ করে এবং তার (চামড়ার) মোজা পানি ভর্তি করে অতঃপর তা মুখ দিয়ে ধরে কূপ বেয়ে উপরে উঠে কুকুরকে তা পান করায়। মহান আল্লাহ তার কাজটি কবুল করেন এবং তাকে ক্ষমা করে দেন।”সাহাবীগণ বলেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাদের জন্য চতুষ্পদ প্রাণীতেও সাওয়াব রয়েছে?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “প্রত্যেক

জীবনধারী প্রাণীতেই তোমাদের জন্য সাওয়াব রয়েছে।”[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ২/৯২৯-৯৩০; মুসনাদ আহমাদ: ২/৩৭৫; সহীহ আল বুখারী: ২৩৬৩; আদাবুল মুফরাদ: ৩৭৮; সহীহ মুসলিম: ২২৪৪; আবু দাউদ: ২৫৫০; সুনান বাইহাকী: ৪/১৮৫।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২২৯৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89009

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন